

# স্কুলের ছেলেমেয়েদের টিকাদান সম্পর্কিত তথ্য

পিল পাবলিক হেল্থ আইনগত কারণে সারা বছর স্কুলগামী ছেলেমেয়েদের টিকাদান সম্পর্কিত তথ্য হালনাগাদ সংরক্ষন করে থাকে।

## যখন ছেলেমেয়েদের স্কুলে ভর্তি করানো হয়

- স্কুলের রেজিস্ট্রেশন ফরমের সাথে আপনার শিশুর টিকাদান রেকর্ড সংযুক্ত করুন। স্কুলের পক্ষ থেকে এই রেকর্ড পিল পাবলিক হেল্থে পাঠানো হবে।
- চেক করে দেখুন জন্মের পর থেকে সবগুলো টিকা শিশুকে দেয়া হয়েছে কিনা।
- যদি তা না দেয়া হয় অথবা প্রমাণ করতে না পারেন তবে আপনার ফ্যামিলি ডাক্তারের সাথে অথবা পিল পাবলিক হেল্থে যোগাযোগ করুন।

## ঠিক সময়ে টিকা দিন

- ৪ থেকে ৬ বছর বয়সের শিশুকে ডিপথেরিয়া, পারটিউসিস, টিটেনাস(ডিপিটি) এবং পোলিও টিকার বুস্টারডোজ দেয়া প্রয়োজন।
- ১৪ থেকে ১৬ বছর বয়সের মধ্যে আপনার সন্তানের ডিপথেরিয়া, পারটিউসিস এবং টিটেনাসের বুস্টারডোজ নেয়া আবশ্যিক।
- ঠিক সময়েই টিকাদানের কাজটি করতে হবে। উদাহরণ স্বরূপ বলা যায় প্রথম ডোজ এম এম আর (মিসেলস, মামস এবং ররুবেলা) অবশ্যই প্রথম জন্মদিনের পর দিতে হবে এবং দ্বিতীয় ডোজ প্রথম ডোজের ২৮ দিনের পর দিতে হবে।

- পিল পাবলিক হেল্থ স্কুলের ছেলেমেয়েদের নিয়মিত টিকাদান সম্পর্কিত তথ্য পর্যালোচনা করে নিশ্চিত হয় যে টিকাদান হালনাগাদ করা আছে কিনা।
- যে সব ছাত্রছাত্রীদের টিকাদান হাল নাগাদ করা নাই (এবং এর স্বপক্ষে উপযুক্ত কারণও নাই) তারা স্কুলে যোগ দিতে অনুমতি পাবে না।
- যে সব ছেলেমেয়েদের ওন্টারিও অথবা কানাডার বাইরে টিকাদান করা হয়েছে তাদেরও অতিরিক্ত টিকাদানের প্রয়োজন হবে; ওন্টারিও প্রতিপিয়াল ল' পালন করার জন্য।
- ওন্টারিও স্কুলে যেতে প্রয়োজনীয় টিকাদান ফ্যামিলি ডাক্তারের মাধ্যমে স্ক্রি প্রদান করা হয়।
- পিল পাবলিক হেল্থ অন্য দেশের টিকাদান রেকর্ড বিনা খরচে অনুবাদ করে দেয়।
- স্কুলগামী ছেলেমেয়ে যাদের ওন্টারীও হেল্থ কার্ড নাই; তাদেরও কিঙ্ক টিকাদান কার্ড লাগবে। স্কুলে অংশগ্রহণের জন্য তারা পিল পাবলিক হেল্থের যে কোন লোকেশন থেকে বিনামূল্যে টিকা নিতে পারবে।

পিল পাবলিক হেল্থ স্কুলের ইম্যুনাইজেশন ক্লিনিকে হেপাটাইটিস বি এবং মেনিনগোকোক্যাল সি (৭ম গ্রেডের ছেলেমেয়েদের জন্য) এবং হিউম্যান প্যাপিলোমাভিরাস (৮ম শ্রেণীর ছেলেমেয়েদেরও জন্য) আছে।

1. Immunization of School Pupils Act, September 1990. Queens Printer for Ontario.  
2. Canadian Immunization Guide. 7th Edition. 2006. Published by the Public Health Agency Of Canada. : 93/95&196/200.

## আপনার শিশুর টিকাদান হালনাগাদ করুন

- আপনার বাচ্চার স্কুল থেকে বা ডাক্তার নিজে পিল পাবলিক হেল্থে টিকাদান রিপোর্ট করবেন।
- বাচ্চাকে স্কুলে রেজিস্ট্রেশন করার পর এটা আপনারই দায়িত্ব টিকাদানের হালনাগাদ রেকর্ড পিল পাবলিক হেল্থে রিপোর্ট করা।

- পিল পাবলিক হেল্থকে ৯০৫-৭৯৯-৭৭০০ নম্বরে ফোন করুন। ক্যালেন্ডনে বসবাসকারী টোল ফ্রী ফোন ৯০৫-৫৮৪-২২১৬। অনুবাদের ব্যবস্থা আছে।
- **ভিজিট** [www.immunizepeel.ca](http://www.immunizepeel.ca) অন লাইনে টিকাদান রিপোর্ট জানাতে
- **ডাকযোগে অথবা হাতে হাতে ফটোকপি জমা**  
দিন: 7120 Hurontario Street, P.O. Box 630  
Mississauga, ON L5M 2C5  
(অরিজিন্যাল রেকর্ড পাঠাবার দরকার নাই)